

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫

নথি নং -১২.০২.০০০০.০২২.২৫.০১৯.১২-১৩

তারিখ : ০৯ -০২-২০১৫

ক. আঞ্চলিক ব্যবস্থাপক
কৃষি বিপণন অধিদপ্তর
শস্যগুদাম ঋণ কার্যক্রম
আঞ্চলিক কার্যালয়
শেরপুর/রংপুর/মাগুরা।


খ. মাঠ কর্মকর্তা
কৃষি বিপণন অধিদপ্তর
শস্যগুদাম ঋণ কার্যক্রম,
বরিশাল।

বিষয় : শস্য গুদাম ঋণ কার্যক্রমের আওতাধীন গুদামসমূহের গুদাম কমিটি ও গুদাম রক্ষকদের সতেজক প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তরের শস্য গুদাম ঋণ কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে চলমান গুদামসমূহের গুদাম রক্ষক ও গুদাম কমিটির সদস্যদের শগুণক বিষয়ে অবহিতকরণ/সম্পৃক্তকরণ/প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে। দীর্ঘদিন এই কার্যক্রমের আওতায় প্রশিক্ষণ কর্মসূচী গৃহীত না হওয়ায় গুদাম পর্যায়ে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে।

কৃষি বিপণন অধিদপ্তরের শস্য গুদাম ঋণ কার্যক্রমের আওতাধীন গুদামসমূহের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ, প্রশিক্ষণ কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত প্রশিক্ষকগণ ও সহকারী প্রশিক্ষকগণের মাধ্যমে কৃষক দল, গুদাম কমিটি ও গুদাম রক্ষকগণকে উদ্বুদ্ধকরণ ও কার্যক্রম সম্পর্কে অবহিতকরণের লক্ষ্যে উঠান বৈঠক/মত বিনিময় সভার মাধ্যমে সতেজক প্রশিক্ষণ (গুদাম চত্বরে, প্রশিক্ষণকেন্দ্রে, গুদাম সংশ্লিষ্ট স্কুল মাঠে, গুদাম কমিটির সভাপতির বাড়ীর উঠানে কিংবা ইউনিয়ন পরিষদ চত্বরে) বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ সিডিউল প্রণয়ন এবং সে অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চালু করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, কৃষি বিপণন অধিদপ্তরের শস্য গুদাম ঋণ কার্যক্রমের আওতাধীন চলমান গুদামসমূহে গুদাম কমিটি ও গুদাম রক্ষকদের সতেজকমূলক সভার মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে উপরে উল্লেখিত বর্ণনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মাসিক ভিত্তিতে অগ্রগতির প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



(মোঃ মাহবুব আহমেদ)

যুগ্ম-সচিব

ও

পরিচালক

কৃষি বিপণন অধিদপ্তর

অনুলিপি : কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

- ১। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় ঢাকা/রাজশাহী/খুলনা।
- ২। ICT সেল, ওয়েব সাইটে প্রকাশের জন্য।

“পরিকল্পিত উন্নত বিপণন ব্যবস্থাই নিশ্চিত করতে পারে কৃষক ও ভোক্তার ন্যায্য অধিকার”